# মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মেহেরপুর-৭১০০

ডট প্রিন্টারের প্রিন্ট হেড ও মাদারবোর্ড ক্রয়ের (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি।

**দরপত্র নং- মেহেরপুর পবিস ২৯/২০২৩-২৪**

ISO 9001:2015 CERTIFIED

## প্রশাসন বিভাগ


মেহেরপুর-৭১০০

ফোনঃ ০১৭৬৯-৪০০৫৮০

০১৭৬৯-৪০৭৯৪১

Web: http://www.pbs.meherpur.gov.bd

Email: gmmpbs@gmail.com

# মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মেহেরপুর-৭১০০।

মোবাইল নং-০১৭৬৯-৪০০০৪৮,ফোন নং-০২-৪৭৭৭৯২৩৮২,৪৭৭৭৯২৩২৫, ই-মেইল - gmmpbs@gmail.com, Web: http://pbs.meherpur.gov.bd/


স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২০২৪. ১৮৮৪

তারিখঃ - ০৯ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ।
২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।

## দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়ঃ **RFQ পদ্ধতিতে "ডট প্রিন্টারের হেড ও মাদারবোর্ড"সরবরাহের দরপত্র আহবান প্রসংগে।**

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে **"ডট প্রিন্টারের হেড ও মাদারবোর্ড"** ক্রয় এর জন্য নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও শর্ত মোতাবেক প্রকৃত বিক্রয়কারী/সরবরাহকারী প্রতিষ্ঠান এর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র দাখিলের তারিখ ও সময় : ২২/০৪/২০২৪ খ্রিঃ, সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত।
০২। দরপত্র দাখিল ও খোলার স্থান : ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা।
খ) সদর দপ্তর, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি,মেহেরপুর।
০৩। দরপত্র খোলার তারিখ ও সময় : ২২/০৪/২০২৪ খ্রিঃ, সময়ঃ বেলা ১১:০৫ ঘটিকা।

মালামালের বিবরণ ও মূল্য তলিকাঃ

| দরপত্র নং-১৬/২০২৩-২০২৪ | ক্রম নং | মালামালের বিবরণ | পরিমান | উদ্ধৃত মূল্য (টাকায়) | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য |
| | ০১ | Print Head<br>Epson LQ-2190<br>China(original) | ২৫টি | | |
| | ০২ | Motherboard<br>Epson LQ-2190<br>China(original) | ১০টি | | |
| | | | সর্বমোট= | | |

কথায়ঃ .....................................................................................

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েবসাইট http://pbs.meherpur.gov.bd এ গিয়ে দেখতে পারবেন।

০২। বর্ণিত সময়সীমা অনুযায়ী ০২ নং ক্রমিকে বর্ণিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করতে পারবেন। দাখিলকৃত দরপত্রসমূহ ০৩ নং ক্রমিকে বর্ণিত সময়সূচী অনুযায়ী ০২ নং ক্রমিকে বর্ণিত স্থানে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। খামের উপর স্পষ্টাক্ষরে **"ডট প্রিন্টারের হেড ও মাদারবোর্ড সরবরাহের দরপত্র"** লিখে নিজ প্রতিষ্ঠানের সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

০৪। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৫। দরপত্রে জামানতের প্রয়োজন নাই, সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১০ দিনের মধ্যে সমস্ত মালামাল নিজ খরচে নিজস্ব পরিবহনে সমিতির সদর দপ্তর মেহেরপুরে সরবরাহ করতে হবে।

০৬। কার্যাদেশ প্রদানের সময় মালামাল কম/বেশী হতে পারে। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৭। দরপত্র বাছাই কালে উদ্ধৃত মূল্যে গানিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গড়মিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে । অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৮। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৯। দাখিলকৃত মোট বিল হতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

১০। সরবরাহকারীকে সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে কমপক্ষে ৫০% মূল্যের মালামাল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে।

১১। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর মালামালের গুনগত মান সমিতি প্রতিনিধি কর্তৃক পরিদর্শন ও সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে গ্রহন করা হবে।

১২। মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে ৯০% মূল্য পরিশোধ করা হবে এবং অবশিষ্ট ১০% মূল্য জামানত হিসাবে সমিতিতে জমা থাকবে। সন্তোষজনক ওয়ারেন্টি সার্ভিস প্রদান সাপেক্ষে পরবর্তী ০৬ (ছয়) মাস পর অবশিষ্ট ১০% মূল্য ফেরত প্রদান করা হবে।

১৩। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্যে জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১৪। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৫। বর্ণিত শর্তসমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে মেহেরপুর পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা মেহেরপুর পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

৯/৪/২৪
(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো,ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি,বাপবিবো,ঢাকা, (বাপবিবোর্ড এর ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....................১/২/৩/৪।
০৫। এজিএম(অর্থ), মেহেরপুর পবিস।
০৬। এজিএম(আইটি),মেহেরপুর পবিস। (পবিস ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
০৭। নোটিশ বোর্ড,মেহেরপুর পবিস।
০৮। অফিস/মাষ্টার কপি।

৯/৪/২৪
(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার